অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/15/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো গভর্নর মারিও এম. কুওমো সেতুতে সাইকেল ও পথচারীর যৌথ পথ খোলার ঘোষণা দিয়েছেন

3.6-মাইল ব্যবহারের এমন অংশীদারি পথ জাতীয় বিবেচনায় অন্যতম দীর্ঘ

পথটি আজ দুপুর 2টায় জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে

গভর্নর মারিও এম. কুওমোর সম্মানে আজ সন্ধ্যায় ব্রিজে নীল আলো প্রজ্বলিত হবে

হাডসন লিংক এই সপ্তাহে এবং গ্রীষ্মের প্রতি সপ্তাহান্তে বিনামূল্যে বাস শাটল অফার কার্যকর রাখবে

পথে পাবলিক আর্ট, খাদ্য বিক্রেতা এবং বিনামূল্যে অডিও ট্যুরের বৈশিষ্ট্য যুক্ত থাকবে

নতুন এই পথের ফটোগুলি পাওয়া যাবে এখানে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ গভর্নর মারিও এম. কুওমো সেতুতে 3.6 মাইল অংশীদারি সাইকেল এবং পথচারী পথ খোলার কথা ঘোষণা করেছেন। এটি পরিবার, দৌড়বিদ, সাইকেল আরোহী, পথচারী, যাত্রী সকলকে ওয়েস্টচেস্টার থেকে রকল্যান্ড কাউন্টিতে যাতায়াতের সময় পরিবেশ বান্ধব নতুন এক যোগাযোগ উপহার দিবে। COVID-19 এর সম্ভাব্য বিস্তার সীমিত করার জন্য নিরাপত্তা প্রোটোকলের মাধ্যমেই আজ দুপুর 2টায় এই পথ জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে।

গভর্নর কুওমো এছাড়াও ঘোষণা করেছেন যে প্রয়াত গভর্নর মারিও এম. কুওমোর জন্মদিনকে সম্মান জানাতে আজ সন্ধ্যায় সেতুটিতে নীল আলো প্রজ্বলিত হবে।

"নতুন গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ হাডসন উপত্যকার জন্য একটি আইকনিক গেটওয়ে এবং স্টেটব্যাপী একটি ল্যান্ডমার্ক যা নিউ ইয়র্কের চেতনাকে উদযাপন করে," **গভর্নর কুওমো বলেন।** "এই অত্যাধুনিক সাইকেল এবং পথচারী পথের সংযোজন নিউ ইয়র্কবাসী এবং পর্যটকদের নদী পার হওয়ার আরো ভালো উপায় প্রদান করবে, সেই সাথে আধুনিকীকৃত সুবিধা এবং হাডসন

নদী উপত্যকার মনোরম দৃশ্য উপভোগ করার জন্য একটি অনন্য, মিথস্ক্রিয় অভিজ্ঞতা প্রদান করবে।"

এর বৈশিষ্ট্যমণ্ডিত নীল ওভারলের সঙ্গে, 12 ফুট চওড়া ব্যবহারের শেয়ারকৃত পথটি তার ওয়েস্টচেস্টার ট্যারিটাউন গ্রামের ল্যান্ডিং থেকে, হাডসন নদীর একটি প্রশস্ত বিন্দু জুড়ে, রকল্যান্ডের দক্ষিণ নিয়াক গ্রামে তার অবতরণ বিন্দু পর্যন্ত বিস্তৃত। গভর্নর মারিও এম. কুওমো ব্রিজের পশ্চিমমুখী স্প্যানের উত্তর পাশে অবস্থিত হয়ে, এই পথে ছয়টি প্রাকৃতিক মনোরম দৃশ্য, ডিজিটাল কিয়স্ক, ব্যাখ্যামূলক সাইনবোর্ড এবং পাবলিক আর্ট রয়েছে। ভিজিটর পার্কিং, বিশ্রামাগার, সাইকেল মেরামত স্টেশন এবং অন্যান্য সুবিধাসহ, উভয় অবতরণ পার্শ্বে স্থানীয় সাইকেল এবং পথচারী নেটওয়ার্ক সহজলভ্য করা হয়েছে।

শেয়ারকৃত ব্যবহারের পথ প্রতিদিন সকাল 6টা থেকে রাত 10টা পর্যন্ত খোলা থাকবে। দুর্যোগপূর্ণ আবহাওয়া, রক্ষণাবেক্ষণ কাজ বা নিরাপত্তা উদ্বেগের কারণে পথটি সাময়িকভাবে বন্ধ থাকতে পারে। সেতুর নতুন ওয়েবসাইট mariomcuomobridge.ny.gov এবং এটির নতুন টুইটার অ্যাকাউন্টে @GMMCB আপডেট এবং পথের তথ্য পাওয়া যাবে, যেগুলো আজই চালু করা হচ্ছে।

শেয়ারকৃত ব্যবহারের পথটি থ্রুওয়ে কর্তৃপক্ষের 3.9 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের অংশ ছিল নতুন গভর্নর মারিও এম. কুওমো সেতু নির্মাণের জন্য, যা 2017 সালে তাপ্পান জি সেতুর স্থলাভিষিক্ত হয়। ক্যাবল-স্টেইড ক্রসিংটি অন্তত এক শতাব্দী ধরে প্রধান কোনো রক্ষণাবেক্ষণ ছাড়াই হাডসন উপত্যকায় সেবা য়দেওয়ার জন্য নির্মিত হেছে। প্রতি বছর প্রায় 50 মিলিয়ন যানবাহন এই সেতু অতিক্রম করে।

থ্রুওয়ে অথরিটির (Thruway Authority) এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষের জন্য এটি সত্যিই একটি ঐতিহাসিক দিন। নতুন অংশীদারি সাইকেল/পথচারী পথ আমাদের চলমান প্রতিশ্রুতির অংশ যার লক্ষ্য স্টেটের পরিবহন অবকাঠামোকে আধুনিক করা এবং রূপান্তর করা এবং আমরা যে সব সম্প্রদায়ের জন্য সেবা প্রদান করি তাদের মধ্যে সংযোগ জোরদার করা। গভর্নর মারিও এম. কুওমো সেতু জুড়ে হাঁটা বা সাইকেল চালানোর সুযোগ পরিবেশের উপর আমাদের প্রভাব কমাতে সাহায্য করে এবং ঠিক একই সাথে এই বছরের শেষে থ্রুওয়ে সিস্টেমব্যাপী ক্যাশলেস টোলিং বাস্তবায়ন করা হবে।"

প্রকল্প পরিচালক জেমস বার্বাস বলেন, "গভর্নর মারিও এম. কুওমো সেতু সাইকেল এবং পথচারী পথের উদ্বোধন হচ্ছে একটি রূপান্তরিত সরকারি অবকাঠামো প্রকল্পের পরিসমাপ্তি, যা মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে অন্যতম বৃহত্তম প্রকল্প। গভর্নর কুওমোর নেতৃত্বে, শত শত শ্রমিক এবং প্রকৌশলী যারা এই প্রকল্পে কাজ করেছেন, তারা শুরু থেকে পরিবহন উন্নয়ন, চওড়া লেন এবং জরুরি শোল্ডার থেকে বাসের জন্য নিবেদিত স্থান এবং এখন একটি 3.6 মাইল অংশীদারি ব্যবহার পথ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই পথ শুধু কার্যকরই নয়, এটি সুন্দর এবং আমরা আমাদের সকল সম্প্রদায়ের অংশীদারদের ধন্যবাদ জানাই যারা এই সেতুকে বাস্তবে পরিণত করেছে।"

পাথ শাটল

হাডসন লিংক, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation) দ্বারা আন্তঃ স্টেট 87/287 করিডোর দ্বারা পৃষ্ঠপোষকতায় বর্ধিত বাস সার্ভিস, রকল্যান্ড এবং ওয়েস্টচেস্টারের বৃহৎ যাত্রী পার্কিং লট থেকে আজ থেকে এবং বৃহস্পতিবার থেকে শুক্রবার সকাল 7:30 থেকে সন্ধ্যা 7:30 টা পর্যন্ত বিনামূল্যে শাটল সেবা প্রদান করবে ট্যারিটাউন এবং সাউথ নিয়াকে পথের অবতরণের কাছাকাছি, এছাড়া হাডসন লিংক পাথ শাটল তার নিয়মিত সাপ্তাহিক ছুটির দিনে গ্রীষ্মকালীন সময়সূচি শুরু করবে, যা প্রতি শুক্রবার, শনিবার এবং রবিবার সকাল 7:30 থেকে সন্ধ্যা 7:30 টা পর্যন্ত চলবে।

পথে পার্কিং লটে চার ঘন্টার সময়সীমা আছে এবং পর্যটকদের জোরালোভাবে শাটল এবং অন্যান্য গণপরিবহন পথে নিয়ে যেতে উৎসাহিত করা হচ্ছে। অত্যাধুনিক পাথ শাটলগুলো প্রতি 20 মিনিটে পালিসাডেস সেন্টার থেকে ছাড়বে। হাডসন লিংকের ওয়েবসাইটে একটি মানচিত্র, সময়সূচি এবং সকল বিস্তারিত পাওয়া যাবে।

COVID-19 প্রতিক্রিয়ার অংশ হিসেবে হাডসন লিংক নিম্নলিখিত সতর্কতা গ্রহণ করেছে:

- প্রতি বাসে সর্বোচ্চ 25 জন গ্রাহক থাকবে।
- সকল যাত্রীকে ফেস মাস্ক পরতে হবে।
- সকল যাত্রীকে বাসে থাকার সময় একে অপরের থেকে ছয় ফুট দূরে বসতে বলা হচ্ছে।
- সকল হাডসন লিংক বাসে হ্যান্ড স্যানিটাইজিং ইউনিট বসানো হবে।
- সকল অপারেটর ফেস মাস্ক, গ্লাভস পরবে এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করবে।
- সিডিসি অনুমোদিত ইন্ডাস্ট্রিয়াল স্যানিটাইজার প্রতিটি বাস পরিষ্কার করতে রাতে ব্যবহার করা হবে।

স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট একটি 21 শতকের পরিবহন ব্যবস্থা তৈরি করছে যা স্থিতিশীল, প্রবৃদ্ধিকে উন্নীত করে এবং শুধু মোটর যান নয়, পথচারী এবং সাইকেল আরোহীদের জন্যও সচলতা বৃদ্ধি করছে। একটি বৃহত্তর দৃষ্টিভঙ্গির অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন হাডসন লিংকের বর্ধিত বাস সার্ভিসকে স্পন্সর করতে পেরে গর্বিত, যা হাডসন উপত্যকার চমৎকার দৃষ্টিভঙ্গি প্রদান করে এবং যখন আমরা সবাই একসাথে কাজ করি তখন নিউ ইয়র্কবাসীরা কী অর্জন করতে পারে এটি তার একটি উজ্জ্বল উদাহরণ।"

পথের নিরাপত্তা

নতুন অংশীদারি পথ ব্যবহার করার ক্ষেত্রে সবার নিরাপত্তা নিশ্চিত করতে, দর্শকদের অন্যদের থেকে ছয় ফুট দূরে থাকা উচিত। যখন সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না, এক্ষেত্রে দর্শনার্থীদের পথ এবং বিশ্রামাগারে মুখ ঢেকে রাখতে বলা হবে। COVID-19 মহামারির সময় দর্শকদের তাদের যৌথ দায়িত্বের কথা স্মরণ করিয়ে দিতে শারীরিক এবং ডিজিটাল চিহ্ন ঝুলিয়ে দেওয়া হয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ ট্রুপ টি (New York State Police Troop T) হচ্ছে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একটি সংস্থা যারা এই পথে টহল দেওয়ার জন্য দায়িত্বপ্রাপ্ত, অন্যদিকে একটি নিবেদিত নিরাপত্তা দল সক্রিয়ভাবে এটি পর্যবেক্ষণ করবে এবং পুরো সেতুটি 24 ঘন্টা/দিন, 365 দিন/বছর পর্যবেক্ষণ করবে।

পথের নিরাপত্তা নিশ্চিত করতে উভয় দিকে ভ্রমণকারী পথচারী এবং সাইকেল আরোহীদের জন্য নির্দিষ্ট লেন বৈশিষ্ট্যযুক্ত থাকবে। সকল সাইকেল আরোহীদের জন্য 15 মাইল গতি সীমা নির্ধারিত আছে। একটি নতুন স্টেট আইন অনুযায়ী, 16 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিরাই পথে বৈদ্যুতিক সহায়তা (ই-বাইক) সহ ক্লাস 1 এবং ক্লাস 2 সাইকেল ব্যবহার করতে পারবে। সকল সাইকেল আরোহীকে অবশ্যই পথচারীদেরকে প্রাধান্য দিতে হবে।
পথ পরিদর্শনের সময়, নিম্নলিখিত বিষয়গুলি মাথায় রাখুন:

- পথের দৈর্ঘ্য হাঁটতে প্রায় 40 মিনিট সময় লাগে; যা আপনার প্রত্যাবর্তন ভ্রমণের জন্য ফ্যাক্টর হতে পারে।
- পথটি সাইকেলে অতিক্রম করতে প্রায় 20 মিনিট সময় লাগে।
- বাতাস, বৃষ্টি, সূর্য, তাপমাত্রা সবই পানির উপর আরো তীব্র অনুভূত হবে; সেই অনুযায়ী পোশাক পরুন।
- উভয় পার্শ্বে অবতরণের সময় ওয়েলকাম সেন্টারে বিশ্রামাগার আছে।
- পানির ফোয়ারা উভয় অবতরণে পাওয়া যাবে, পথে নয়।
- আপনি হয়ত সেতুতে কম্পন অনুভব করতে পারেন; এটাই স্বাভাবিক।
- আপনার যদি সাহায্যের প্রয়োজন হয়, পথ বরাবর নীল লাইটযুক্ত ফোনগুলো ব্যবহার করুন।

সার্বজনীন শিল্প

পথের একটি অনন্য সুবিধা হল এর উভয় অবতরণের উপর বা তার কাছাকাছি প্রদর্শিত পাবলিক আর্টের বিশাল সারি।

দর্শনার্থীরা পাঁচটি অনন্য ভাস্কর্য, যেমন- রকল্যান্ডে একটি 4,000 বর্গ ফুটের ম্যুরাল এবং একটি কাস্টম ডিজাইন করা সাইকেল র‍্যাকের মুখোমুখি হবে যা প্যালিসাডেস এবং নিউ ইয়র্ক সিটির আকাশরেখাকে উল্লেখ করে। তিনটি ভাস্কর্য এর মধ্যে ডিকমিশনড তপন জি ব্রিজ থেকে উদ্ধার করা অবশিষ্ট ইস্পাত অন্তর্ভুক্ত করা হয়েছে। এই মাসের শেষের দিকে একটি বাণিজ্যিক পরিবহন ধমনী হিসেবে হাডসন নদীর ঐতিহাসিক গুরুত্বের দিকে ইঙ্গিত করে আরো তিনটি সাইকেল র‍্যাক বসানো হবে।
থ্রুওয়ে কর্তৃপক্ষ গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ পাবলিক আর্ট প্রোগ্রামে আর্টসওয়েস্টচেস্টার এবং রকল্যান্ডের আর্টস কাউন্সিলের সাথে যৌথভাবে কাজ করেছে। নিউ ইয়র্ক স্টেটের আট জন শিল্পীকে 10টি কমিশন পুরস্কৃত করা হয়।

প্রতিটি শিল্প কমিশন সম্পর্কে বিস্তারিত সেতু ওয়েবসাইটে পাওয়া যাবে।

আর্টওয়েস্টচেস্টার প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানেট টি. ল্যাংসাম বলেন, "নতুন সেতুর প্রতিটি টার্মিনাসে একটি চমৎকার শিল্পকর্ম স্থাপন করা হয়েছে, যার ফলে এই যুক্ত ক্রসিংকে শিল্পের সাথে যুক্ত করার ফলে পর্যটকদের জন্য একটি বাধ্যতামূলক গন্তব্যে রূপান্তরিত করেছে। আমরা আর্টসওয়েস্টচেস্টারে এই ঐতিহাসিক সৃজনশীল স্থান নির্মাণ প্রকল্পে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটির সাথে সহযোগিতা করতে পেরে রোমাঞ্চিত হয়েছি। COVID19 আউটডোর বিনোদন নির্দেশিকা সম্প্রসারণের সঙ্গে, শক্তিশালী হাডসন নদীর উপর এই নতুন সেতু হাডসন উপত্যকা থেকে এবং তাদের পথে আগমণের সময় পাবলিক আর্ট উপভোগ করার জন্য একটি দর্শনীয় স্থান। শিল্পকর্ম বিনামূল্যে এবং সর্বজনীন এবং সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সহজলব্ধ করা হয়েছে।"

পাথ মার্চেন্টস

একটি থ্রুওয়ে অথরিটির পাইলট প্রোগ্রামের অংশ হিসেবে, স্থানীয় ব্যবসায়ীরা উভয় অবতরণে খাদ্য এবং সেবা প্রদান করবে।

তিনটি খাবারের ট্রাক - আন্থির গ্রীক বিশেষত্বসহ, ওয়েস্টচেস্টার বার্গার কোম্পানি এবং গ্রাজিলার ইতালীয় রান্নাঘর - সপ্তাহে সাত দিন, সকাল 11টা থেকে রাত ৪টা পর্যন্ত ওয়েস্টচেস্টার এবং রকল্যান্ড অবতরণ উভয় পার্শ্বে পরিবেশন করবে।

ওয়েস্টচেস্টার ল্যান্ডিং-এ, ডাবল ব্যারেল রোস্টারস ঘটনাস্থলে গরম এবং ঠাণ্ডা কফি, স্পেশালিটি পানীয় এবং স্কুপ করা বরফ প্রতিদিন সকাল ৪টা থেকে রাত 9টা পর্যন্ত পরিবেশন করা হবে। ব্লু পিগ, যা স্থানীয়ভাবে উৎপাদিত আইসক্রিম বিক্রি করে, শুক্রবার থেকে রবিবার দুপুর 2টা থেকে রাত 9টা পর্যন্ত চলবে, অন্যদিকে স্লিক ই-বাইক গ্রীষ্মকালে সকাল 10টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত বৈদ্যুতিক সাইকেল ভাড়া প্রদান করবে।

রকল্যান্ড ল্যান্ডিং-এ, টিগাভিটি সকাল 9টা থেকে সন্ধ্যা, বৃহস্পতিবার থেকে রবিবার পর্যন্ত অর্গানিক চা এবং ঠাণ্ডা পানীয় কফি প্রদান করবে।

অডিও ট্যুর

গভর্নর কুওমো এছাড়াও ঘোষণা করেছেন যে ওয়াকার এবং সাইক্লিস্টদের জন্য বিশেষভাবে ডিজাইন করা বিনামূল্যে অডিও ট্যুর আজ ডাউনলোডের জন্য পাওয়া যাবে। মোবাইল ট্যুরে এমন কিছু গল্প থাকবে যা সেতু নির্মাণ থেকে শুরু করে স্থানীয় ইতিহাস, হাডসন উপত্যকার সংযোগ থেকে শুরু করে হাডসন নদী এবং এর আশেপাশের এলাকা পর্যন্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হবে। ভ্রমণকারীরা হাঁটা বা প্যাট সাইকেল চালানোর সময় তাদের মোবাইল ডিভাইসে বিনামূল্যে খুব সহজে গল্পগুলো নিরাপদে অ্যাক্সেস করতে পারবেন।

নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষ ঐতিহাসিক হাডসন রিভার টাউনস (Historic Hudson River Towns, HHRT), রিভারফ্রন্ট মিউনিসিপ্যালিটির একটি অলাভজনক কনসোর্টিয়াম এবং ট্রাভেলস্টোরিস অডিও ট্যুর উন্নয়নের জন্য অংশীদার। নিউ NY ব্রিজ কমিউনিটি বেনিফিট প্রোগ্রাম

ঐতিহাসিক হাডসন রিভার টাউনস প্রকল্পের জন্য একটি অনুদান প্রদান করেছে। পথে ভ্রমণ ছাড়াও, 24 জুন HHRT ওয়েস্টচেস্টার এবং রকল্যান্ডের 16টি সদস্য সম্প্রদায়কে উপস্থাপনের পাশাপাশি নতুন গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ এবং বিয়ার মাউন্টেন ব্রিজ উভয়ের উপর একটি নতুন ড্রাইভিং ট্যুর চালু করবে। ট্রাভেলস্টোরিস অ্যাপের অন্যান্য আসন্ন HHRT ট্যুরের মধ্যে রয়েছে আর্ভিংটন, ট্যারিটাউন, স্লিপি হোল এবং নিয়াক এবং শিল্পী এডওয়ার্ড হোপারের নিয়াক। স্ব-নির্দেশিত পথ ভ্রমণ অডিও শুনতে বিনামূল্যে ভ্রমণকাহিনী (TravelStorys app) অ্যাপটি ডাউনলোড করুন।

HHRT চেয়ারম্যান ও ব্রিয়ারক্লিফ ম্যানরের ভিলেজ ম্যানেজার ফিল জেগারেলি বলেন, "ঐতিহাসিক হাডসন রিভার টাউনসের আমরা এই গ্রীষ্মে যে সব মোবাইল অডিও ট্যুর চালু করছি তার উন্নয়নে দুটি মহান অংশীদার রয়েছে। ট্রাভেলস্টোরিসজিপিএস (TravelStorysGPS) প্রযুক্তিগত সকলয় সহায়তা এবং দৃষ্টিভঙ্গি প্রদান করেছে যাতে সব কিছু সম্ভব হ। নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষ তহবিল এবং নির্দেশিকা প্রদান করেছে, বিশেষ করে সেতু জুড়ে হাঁটা এবং বাইকিং ট্যুরের উপর তারা কঠোর পরিশ্রম করেছে। আমরা জানি যখন বাসিন্দা এবং পর্যটকরা নদীর ইতিহাস এবং বিস্ময়ের কথা শুনবে যা আমরা সবাই এত ভালোবাসি তখন সেতুর সৌন্দর্য উপভোগ করার জন্য পথ ভ্রমণ তাদের কাছে একটি প্রধান আকর্ষণ হবে।"

নতুন অংশীদারি ব্যবহার পথ সম্পর্কে

- কার্যক্রমের দৈনন্দিন ঘণ্টা: সকাল 6টা - রাত 10টা
- নতুন অংশীদারি ব্যবহার পথের দৈর্ঘ্য: 3.6 মাইল
- পথের প্রস্থ: 12 ফুট
- ওভারলুকের সংখ্যা: 6
- সাইকেলের গতি সীমা: 15 মাইল প্রতি ঘণ্টা
- এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত আনুমানিক হাঁটার সময়: 80 মিনিট
- এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত আনুমানিক সাইকেল সময়: 20 মিনিট
- ওয়েস্টচেস্টার ল্যান্ডিং-এ পার্কিং স্পট: 30 সোমবার থেকে শুক্রবার/130 সপ্তাহের দিনগুলোতে বিকেল 4টার পর এবং সব সপ্তাহান্তে
- রকল্যান্ড ল্যান্ডিং-এ পার্কিং স্পট: 57

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন